


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
“পল্লী ভবন”
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০৬.০০.৮০৮.৯৪. ৬৫৪০

তারিখ: ১৪/০৮/২০২২খ্রি।

বিষয় : গোমস্তাপুর ইউসিসিএ লি., চাঁপাইনবাবগঞ্জ এর জনবল নিয়োগ সংক্রান্ত।
সূত্র : উপপরিচালক, চাঁপাইনবাবগঞ্জ এর পত্র নং- ৬৫৯, তারিখঃ ২৮/০৭/২০২২খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রে চাঁপাইনবাবগঞ্জ জেলাধীন গোমস্তাপুর ইউসিসিএ লি., এ ০১ (এক) জন পরিদর্শক নিয়োগ অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করেন। প্রস্তাবটি পর্যালোচনান্তে দেখা যায় যে, ছক ‘গ’ এর উল্লিখিত কর্মচারীদের বেতন-ভাতার হিসাবের সাথে ইউসিসিএ’র ২০২১ সালের লাভ-ক্ষতির হিসাবের পরিচালন ব্যয়ের ০২ নং ক্রমিকে উল্লিখিত তথ্যাদির গড়মিল রয়েছে। উপরন্তু লাভের বিভাজনে সমবায় সমিতি আইন, ২০০১ এবং ইউসিসিএ’র কর্মচারীদের মডেল চাকরি প্রবিধানমালা/২০১৮ যথাযথভাবে অনুসরণ করা হয়নি। উল্লেখ্য যে, লাভ-ক্ষতি হিসাবে অনাদায়ী লাভকে লাভ হিসেবে বিবেচনায় করায় প্রকৃত আয়-ব্যয়ের ও নীট লাভের সঠিক চিত্র পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে তথ্য যাচাইয়ান্তে পুনঃপ্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


ফয়েজ-ই-রাকী
যুগ্মপরিচালক (সিসিএম)
ফোনঃ ৮১৮০০১৩।

উপপরিচালক
বিআরডিবি, চাঁপাইনবাবগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হল:

- (১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- (২) মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- (৩) পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- (৪) অফিস কপি।